

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট,
কুড়িগ্রাম



doict.rajarhat.kurigram.gov.bd

রাজারহাট উপজেলার আইসিটি কমিটির ফেব্রুয়ারি/২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	নূরে তাসনিম উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১০.২০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান এবং এই ধারা অব্যাহত রেখে ভিশন ২০৪১ তথা স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের আশা ব্যক্ত করেন।

০৩। অতঃপর অধ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব নূরে তাসনিম এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	আইসিটি বিষয়ক প্রশিক্ষণ	জাইকার অর্থায়নে রাজারহাট উপজেলার ভূমি অফিসের কর্মচারী, উপসহকারী ভূমি কর্মকর্তা, উদ্যোক্তাদের নিয়ে ২ টি ব্যাচে ই-নামজারি, অনলাইনে খাজনা দেওয়া, ভূমি আইন, ডিজিটাল নিরাপত্তা, 4IR, Smart বাংলাদেশ, ডিজিটাল নিরাপত্তা আইন, Cyber Security বিষয়ে ১ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়।	সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসার
০২	SRDL	প্রতি মাসে শেখ রাসেল ল্যাব ভিজিটের অংশ হিসেবে চলতি মাসে সিঙ্গারডাবরী হাট আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় এবং রিভার ভিউ উচ্চ বিদ্যালয়ে অবস্থিত শেখ রাসেল ল্যাব ভিজিট করে ল্যাব গুলোকে সচল করতে ও এর কার্যকারিতা নিশ্চিত করন সহ ল্যাবের মালামাল সংরক্ষনে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার

০৩	ওয়েব পোর্টাল	<p>১) জাতীয় তথ্য বাতায়নকে সমৃদ্ধ ও হালনাগাদ করতে উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিক হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।</p> <p>২) উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা এবং পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী সকল ইউনিয়নের সচিব ও উদ্যোক্তাদের নিয়ে দিনব্যাপী ইউনিয়নের পোর্টাল হালনাগাদ করা হয়।</p> <p>৩) রাজারহাট উপজেলার অনেক দপ্তরের পোর্টাল হালনাগাদ করা হয়েছে।</p> <p>কিছু দপ্তরের পোর্টাল হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>৪) সকল দপ্তর ও সরকারি প্রতিষ্ঠানের পোর্টাল হালনাগাদ করতে উপজেলা নির্বাহী অফিসার সকলকে জোড় আহ্বান জানান।</p> <p>৫) উপজেলায় আয়োজিত সকল প্রতিযোগিতার ফলাফল ওয়েবসাইটে প্রকাশ করা হয় বলে সকলকে অবহিত করা হয়।</p>	সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট দপ্তর
----	------------------	---	--

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নুরে তাসনিম
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০০.০০.০০০০.০০০.০৬.০০১.১৯.৫

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৯

২৬ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম
- ৩) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (রুটিন দায়িত্ব), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম
- ৪) সহকারী প্রোগ্রামার(সকল) কুড়িগ্রাম



মোঃ তৌহিদুল ইসলাম
সহকারী প্রোগ্রামার